=০৯=

ঢাকা ওয়াসা

০১) এস ও সি বিভাগের ২০২৫-২৬ অর্থ বছরের সংশোধিত বাজেট বরাদ্দের কপি।
০২) এস ও সি বিভাগের ২০২৫-২৬ অর্থ বছরের অনুমোদিত সংশোধিত বার্ষিক ক্রয় পরিকল্পনার কপি।
০৩) বাজার দরের প্রমানক সমূহ।
০৪) ক্লোরিন Neutralization Tower এর লে-আউট।
০৫) প্রাক্কলন।

বিষয়ঃ "Supply of Chlorination Neutralization Tower for SOC division"- শীর্ষক সরবরাহ প্রসঙ্গে।

০১। ক্রমিক নং ০১ হতে ০৫ পর্যন্ত সদয় দেখা যেতে পারে। ঢাকা পানি সরবরাহ ও পয়ঃ নিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা) এর আওতাধীন এস ও সি বিভাগের মাধ্যমে ১০ টি মডস জোনের বিভিন্ন পানির পাম্পে ক্লোরিনেশন সিস্টেম স্থাপন, মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ করা হয়। পানির পাম্প হতে উৎপাদিত পানি শতভাগ ক্লোরিনেশন কার্যক্রমের আওতায় আনার লক্ষ্যে দিবা-রাত্রি ২৪ ঘন্টা এস ও সি বিভাগ নিয়োজিত রয়েছে। ঢাকা ওয়াসার আওতাধীন প্রায় ৯০৭ কম্পাউন্ডে ১৩২৮ টি পানির পাম্প রয়েছে। এই সকল পাম্পের মাধ্যমে পানি উৎপাদন করে নগর বাসীকে পানি সরবরাহ করা হয়। গভীর নলকূপ হতে গ্রাহকের ট্যাপ পর্যন্ত পানি সরবরাহ পথে যাতে ব্যাকটেরিয়া দ্বারা আক্রান্ত হতে না পারে সে জন্য উৎপাদিত পানি সরবরাহের পূর্বে ক্লোরিনেশন করে জীবাণুমুক্ত করা হয়। ক্লোরিনেশন এর জন্য ক্লোরিন গ্যাস ও ব্লিচিং পাউডার পানিতে ব্যবহার করা হয়। এর মধ্যে ব্যবহার উপযোগীতা ও কার্যকারীতা বিবেচনায় ক্লোরিনেশন কাজে ক্লোরিন গ্যাস অধিক ভাবে ব্যবহার করা হয়।

০২। এস ও সি বিভাগের আওতাধীণ ০৪ টি টিমের মাধ্যমে মডস জোনসমূহে নিরবচ্ছিন্ন ক্লোরিনেশন বজায় রাখার জন্য বিদ্যমান ক্লোরিনেশন সিস্টেম গুলি মেরামত ও রক্ষণাবেক্ষণ এর কাজ নিয়মিতভাবে সম্পন্ন করা হয়। তথাপি যান্ত্রিক ত্রুটিজনিত কারণে বিভিন্ন সময়ে ক্লোরিনেশন সিস্টেমে লিকেজ দেখা দেয়। যেহেতু ক্লোরিন একটি বিষাক্ত ও ক্ষয়কারক গ্যাস তাই ক্লোরিনেশন সিস্টেমে লিকেজ হলে তাৎক্ষণিকভাবে প্রতিকার প্রয়োজন। বর্তমান ব্যবস্থা পনায় লিকেজ হওয়া ক্লোরিন গ্যাসের সিলিন্ডার স্কুবিং এ আবদ্ধ করে পাগলা কেন্দ্রীয় ভান্ডারে প্রেরণ করা হয়। সেখানে ক্লোরিন Neutralization ট্যাংকে বিশাল পরিসরের খোলা জায়গায় লিকেজকৃত ক্লোরিন নিষ্কাশন করা হয়, যাহাতে যথেষ্ট স্বাস্থ্য ঝুকি রয়েছে। ইতোপূর্বে এধরণের ঘটনায় গবাদি পশুর মৃত্যুসহ আশপাশের গাছপালা ক্ষতিগ্রস্থ হওয়ার নিদর্শন রয়েছে। এছাড়াও ঢাকা ওয়াসার ক্লোরিনেশন সিস্টেম সমৃদ্ধ অধিকাংশ গভীর নলকূপ কম্পাউন্ডই ঘনবসতি পূর্ণ এলাকায় বিদ্যমান। গভীর নলকূপ কম্পাউন্ড থেকে লিকেজকৃত ক্লোরিনেশন সিস্টেম পরিবহন ও অপসারণ কাজটি অত্যন্ত ঝুকিপূর্ণ হয়ে যায়। এহেন পরিস্থিতিতে গভীর নলকূপ কম্পাউন্ডে নিরাপদ এবং দ্রুততম সময়ে লিকেজকৃত ক্লোরিনেশন সিস্টেম পরিবহন ও Neutralization করার জন্য বিশেষায়িত ক্লোরিন Neutralization Tower ব্যবহার করা যেতে পারে। আলোচ্য ক্লোরিন Neutralization Tower এর লে আউট সংযুক্ত করা হল (সংযুক্তি-০৪)। যার ব্যবহারের মাধ্যমে নিরাপদে লিকেজকৃত ক্লোরিনেশন সিস্টেম দ্রুততম সময়ে on-spot ক্লোরিন গ্যাস Neutralize করা সম্ভব হবে, যার ফলে লিকেজকৃত এলাকার জানমালের ক্ষয়-ক্ষতি কমিয়ে আনা সম্ভব হবে। বিশেষায়িত সরবরাহ হওয়ায় সরবরাহকারির নিকট হতে প্রাপ্ত কোটেশনের মধ্যে সর্বনিম্ন দরের ভিত্তিতে একটি প্রাক্কলন প্রস্তুত করা হল, যার প্রাক্কলিত টাকার পরিমান টাঃ- ৮২,২৫,০০০/- (বিরাশি লক্ষ পচিশ হাজার) টাকা মাত্র (সংযুক্তি-০৫)। উল্লেখ্য আলোচ্য কাজটি এস এম ডব্লিউ সি সার্কেল এর তত্ত্বাবধায়ক প্রকৌশলী মহোদয় কর্তৃক পরিদর্শনান্তে চূড়ান্ত করা হবে।

০৩। আলোচ্য কাজটি অত্র বিভাগের ২০২৫-২০২৬ ইং অর্থ বৎসরের সংশোধিত বাজেট বরাদ্দের (সংযুক্তি নং-১) মূলধনী ব্যয়ের অন্তর্ভুক্ত "অটোমেশন এন্ড ডিজিটালাইজেশন" কোড নং-০২-০১-০০৭ খাত হতে নির্বাহ করা হবে। কাজটি অত্র বিভাগের ২০২৫-২০২৬ ইং অর্থ বৎসরের অনুমোদিত সংশোধিত বার্ষিক ক্রয়-পরিকল্পনায় ক্রমিক নং-10-R-1) (PackageNo. GAD-1) এ অন্তর্ভুক্ত আছে (সংযুক্তি নং-২)। আলোচ্য প্যাকেজের প্রাক্কলন ও দরপত্রের পদ্ধতি মোতাবেক অনুমোদনের ক্ষমতা ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের আওতাধীন।

০৪। এমতাবস্থায়, ঢাকা ওয়াসার আওতাধীন এস ও সি বিভাগের অধীনে “Supply of Chlorination Neutralizat Tower for SOC division” শীর্ষক কাজটি বাস্তবায়নের জন্য নিম্নোক্ত প্রস্তাবসমূহ অনুমোদন দেয়া যেতে পারেঃ

(ক) আলোচ্য কাজ বাস্তবায়নের জন্য প্রস্তাবিত প্রাক্কলন টাঃ- ৮২,২৫,০০০/- (বিরাশি লক্ষ পচিশ হাজার) টাকা মাত্র-এর আর্থিক, কারিগরি ও প্রশাসনিক অনুমোদন।

(খ) পিপিএ- ২০০৬ ধারা-৩১ এবং পিপিআর- ২০২৫ বিধি ৭৮(১) মোতাবেক উন্মুক্ত দরপত্র (OTM, e-GP) তে দরপত্র আহ্বানের অনুমোদন।

(গ) আলোচ্য সরবরাহটি নির্বাহী প্রকৌশলী, এস ও সি বিভাগ, ঢাকা ওয়াসা-এর মাধ্যমে দরপত্র আহবান, চুক্তি সম্পাদন ও বাস্তবায়নের অনুমোদন।

সদয় অনুমোদনের জন্য উপস্থাপন করা হল।

23/05/26
মোঃ সেলিম রেজা
উপ-সহকারী প্রকৌশলী
এস ও সি বিভাগ
ঢাকা ওয়াসা

AE
23/05/2026
মুহাঃ মাহবুব আলম আল আজাদ
সহকারী প্রকৌশলী (চঃ দাঃ)
এস ও সি বিভাগ
ঢাকা ওয়াসা।

EE
23.05.26
সাদ্দাম হোসেন
নির্বাহী প্রকৌশলী (চঃ দাঃ
এস ও সি বিভাগ
ঢাকা ওয়াসা

24/05/26
SE (SMWC)
মোহাম্মদ হুমায়ুন কবীর
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চঃ দাঃ)
এস.এম.ডব্লিউ.সি সার্কেল
ঢাকা ওয়াসা।

অব/S.M.W.C
২৪/৫/২৬
Convenor, Task force-3

02/06/26

৩। Member Sec,
Taskforce-3

AE (Sayeed)
03/06/26

ঢাকা ওয়াসা

৫। সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, Supply of Chlorination Neutralization Tower for SOC division শীর্ষক কাজের জন্য বর্তমান বাজার দর যাচাই করে বিভিন্ন তথ্য উপাত্তের ভিত্তিতে সরবরাহ কাজটির প্রাক্কলন সংশোধন করা হলো। সংশোধনকৃত ৭২,০৩,৩০২.০০ (বাহাত্তর লক্ষ তিন হাজার তিনশত দুই) টাকার প্রাক্কলন অনুসারে প্রাক্কলন সংশোধন করে পুনরায় উপস্থাপন করার জন্য অনুরোধ করা হলো। পরবর্তী কার্যার্থে প্রেরণ করা হলো।

Member Sec. (TF-3)

SE & Con/TF3

Sayeed
04/06/26

আব্দুল্লাহ আস সাঈদ
সহকারী প্রকৌশলী
বর্ধিত ঢাকা পানি সরবরাহ রেজিলিয়েন্স
প্রকল্প ও সদস্য, টাস্কফোর্স টিম-৩

04/06/26

নাজমা খাতুন
নির্বাহী প্রকৌশলী (চঃদাঃ
পি এন্ড ডি (পয়ঃ) বিভাগ
ও
সদস্য সচিব, টাস্কফোর্স টিম-৩

08/06/26

মোঃ ফিরোজ আলম
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
মড্স সার্কেল-১
ও
আহবায়ক
টাস্কফোর্স টিম-৩, ঢাকা ওয়াসা।

SE/SK/DE

04/06/26

06
08/06/26

EE

০৬। অনুচ্ছেদ-০৫ মোতাবেক, ঢাকা ওয়াসার টাস্ক ফোর্স-০৩ এর মতামতের প্রেক্ষিতে আলোচ্য সরবরাহ কাজের প্রাক্কলন সংশোধন করা হয়েছে, প্রাক্কলিত টাকার পরিমান টাকা ৭২,০৩,৩০২.০০ (বাহাত্তর লক্ষ তিন হাজার তিনশত দুই দশমিক শূন্য শূন্য) মাত্র। নিরাপদ এবং দ্রুততম সময়ে লিকেজকৃত ক্লোরিনেশন সিস্টেম পরিবহন ও অপসারণ করার জন্য বিশেষায়িত Neutralization Tower স্থাপন কাজটি অত্র বিভাগের ২০২৫-২০২৬ ইং অর্থ বৎসরের সংশোধিত বাজেট বরাদ্দের মূলধনী ব্যয়ের অন্তর্ভুক্ত "অটোমেশন এন্ড ডিজিটালাইজেশন" কোড নং-০২-০১-০০৭ খাত হতে নির্বাহ করা হবে। কাজটি অত্র বিভাগের ২০২৫-২০২৬ ইং অর্থ বৎসরের অনুমোদিত সংশোধিত বার্ষিক ক্রয়-পরিকল্পনায় ক্রমিক নং-10-R-1 (Package No. GAD-1)-এ অন্তর্ভুক্ত আছে (সংযুক্তি নং-২)। আলোচ্য প্যাকেজের প্রাক্কলন ও দরপত্র আহবানের পদ্ধতি মোতাবেক অনুমোদনের ক্ষমতা ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের আওতাধীন।

২০১০/নিজ
তাং ০৪/০৬/২০২৬

০৭। এমতাবস্থায়, ঢাকা ওয়াসার আওতাধীন এস ও সি বিভাগের অধীনে "Supply of Chlorination Neutralization Tower for SOC division" শীর্ষক কাজটি বাস্তবায়নের জন্য নিম্নোক্ত প্রস্তাবসমূহ অনুমোদন দেওয়া যেতে পারে:

(ক) আলোচ্য কাজ বাস্তবায়নের জন্য প্রস্তাবিত প্রাক্কলন টাকা ৭২,০৩,৩০২.০০ (বাহাত্তর লক্ষ তিন হাজার তিনশত দুই দশমিক শূন্য শূন্য) মাত্র-এর কারিগরি ও প্রশাসনিক অনুমোদন।

(খ) পিপিএ-২০০৬ ধারা-৩১ এবং পিপিআর-২০২৫ বিধি ৭৮(১) মোতাবেক উন্মুক্ত দরপত্র (OTM, e-GP) তে দরপত্র আহ্বানের অনুমোদন।

(গ) আলোচ্য সরবরাহটি নির্বাহী প্রকৌশলী, এস ও সি বিভাগ, ঢাকা ওয়াসা-এর মাধ্যমে দরপত্র আহ্বান, চুক্তি সম্পাদন ও বাস্তবায়নের অনুমোদন।

সদয় অনুমোদনের জন্য উপস্থাপন করা হল।

04.06.26
সাদ্দাম হোসেন
নির্বাহী প্রকৌশলী (চঃ দাঃ)
এস ও সি বিভাগ
ঢাকা ওয়াসা

04/06/26
SE (SMWC)
মোহাম্মদ হুমায়ুন কবীর
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চঃ দাঃ)
এস.এম.ডব্লিউ.সি সার্কেল
ঢাকা ওয়াসা।

04/06/2026
CE/ DMD (O&M)
মির্জা গোলাম কিবরিয়া
উপ-ব্যবস্থাপনা পরিচালক
পরিচালন ও রক্ষণাবেক্ষণ (অঃদাঃ)
ঢাকা ওয়াসা।

XEN (SOC)

DMD

04/06/2026
মির্জা গোলাম কিবরিয়া
উপ-ব্যবস্থাপনা পরিচালক
পরিচালন ও রক্ষণাবেক্ষণ (অঃদাঃ)
ঢাকা ওয়াসা।

MD
04/6/2026
মোঃ আমিনুল ইসলাম
ব্যবস্থাপনা পরিচালক
ঢাকা ওয়াসা।